



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১
www.krishibank.org.bd

নং বিকেবি/এইচআরএমডি-১/৯(৩)/২০১৭-১৮/৬৭৯

তারিখ : ০৭.০৮.২০১৭ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি ব্যাংকে নিম্নবর্ণিত পদে সরাসরি নিয়োগের নিমিত্তে প্যানেল প্রস্তুতির জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক এর অধিক্ষেত্রের (প্রশাসনিক বিভাগ রাজশাহী ও রংপুর ব্যতিত) স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলীতে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রঃনং	পদের নাম ও বেতনস্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১	ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর টাকা ৯৩০০-২২৪৯০/-এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।	৬৩	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের গ্রেড পয়েন্ট গ্রহণযোগ্য হবে না।
২	ইলেকট্রিশিয়ান জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর টাকা ৯৩০০-২২৪৯০/-এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।	০১	(ক) অষ্টম শ্রেণি উত্তীর্ণ; (খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড সার্টিফিকেট থাকতে হবে।

০২। খ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২.০৬.২০০৯ ও ০২.০৩.২০১০ তারিখের যথাক্রমে প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ ও শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমানে প্রচলিত জিপিএ এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণি যা নিম্নরূপে নির্ধারিত হবে :

এস, এস, সি বা সমমান এবং এইচ, এস, সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে	জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব	প্রথম বিভাগ
	জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম	দ্বিতীয় বিভাগ
	জিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম	তৃতীয় বিভাগ

০৩। আগ্রহী প্রার্থীদেরকে আগামী ০৮.০৮.২০১৭ তারিখ হতে ২২.০৮.২০১৭ তারিখের মধ্যে শুধুমাত্র বিডিজবস্ লিমিটেড এর নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (<http://ers.bdjobs.com/applications/krishibank>)-এ Online Application Form টি ইংরেজিতে পূরণের মাধ্যমে আবেদন Submit করতে হবে।

০৪। Online Application Form-এ পরীক্ষা নিয়ন্ত্রক (সংশ্লিষ্ট বোর্ড)কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে।

০৫। দরখাস্ত করার সময় ফরম পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী ওয়েবসাইটেই পাওয়া যাবে। Online-এ আবেদন করার পর প্রাপ্ত Tracking Number Form টি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।


০৬। অন্যান্য শর্তাবলী :

- বয়সঃ (৩১.০৭.২০১৭ তারিখে)ঃ
(ক) মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থী ব্যতীত সকল প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ বছর।
(খ) মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর।
- শুধুমাত্র জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক অথবা আইন অনুযায়ী বাংলাদেশের স্থায়ী নাগরিক দরখাস্ত করার যোগ্য। যে সকল প্রার্থী কোন অ-বাংলাদেশী নাগরিককে বিবাহ করেছেন অথবা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছেন সে সকল প্রার্থী সরকারের লিখিত অনুমতি ব্যতিরেকে আবেদন করার যোগ্য হবেন না।
- প্রার্থীদের এম.সি.কিউ, লিখিত এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর পদের প্রার্থীদের ডাটা এন্ট্রি অপারেশনে স্ট্যাণ্ডার্ড এপটিচুয়াল টেস্ট-এ উত্তীর্ণ হতে হবে।
- প্রার্থীর নাম, পিতার ও মাতার নাম, এসএসসি অথবা সমমানের সনদে যেভাবে লেখা আছে দরখাস্তে সেভাবে লিখতে হবে।
- বিদেশ থেকে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হতে সমমানের সনদ থাকতে হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- পরীক্ষার স্থান ও সময়সূচি ব্যাংকের ওয়েবসাইটে প্রদর্শনের মাধ্যমে প্রার্থীদের জানানো হবে।
- এডমিট কার্ড ব্যতীত লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।
- নিয়োগ সংক্রান্ত কোটা সংরক্ষণে সরকারী নীতিমালা অনুসরণ করা হবে।
- নিয়োগের ক্ষেত্রে ব্যাংকের এবং সরকারের বিদ্যমান বিধি-বিধান অনুসরণ করা হবে।
- বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্থায়ী ঠিকানা হিসেবে স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করতে হবে।

০৭। প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। এমসিকিউ ও লিখিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এপটিচুয়াল (ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটরের ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশিত হওয়ার পর নির্ধারিত সময়ের মধ্যে আবেদনে উল্লেখিত তথ্যাদির সমর্থনে নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূল কপি সহ ১সেট অনুলিপি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/১ম শ্রেণির ব্যাংক কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ৮৩-৮৫ মতিঝিল, ঢাকায় জমা দিতে হবেঃ

- অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের Applicant's Copy ;
- লিখিত পরীক্ষার এডমিট কার্ড;
- সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/মার্কশীট/ট্রান্সক্রিপ্ট ;
- সম্প্রতি তোলা ০৪(চার) কপি রঙিন পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি ;
- স্থায়ী ঠিকানার সমর্থনে প্রার্থী যেই এলাকার স্থায়ী বাসিন্দা সেই এলাকার সিটি কর্পোরেশনের মেয়র/পৌর মেয়র/কাউন্সিলর/কমিশনার/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্রের সত্যায়িত কপি, বিবাহিত মহিলা প্রার্থীর ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানার অনুকূলে ইস্যুকৃত নাগরিকত্ব/জাতীয়তা সনদপত্রের সত্যায়িত কপি;

৬. বয়স প্রমাণের জন্য এসএসসি/সমতুল্য পরীক্ষার মূল/সাময়িক সনদ এর সত্যায়িত কপি। এডমিট কার্ড বা টেস্টিমোনিয়াল এক্ষেত্রে গ্রহণযোগ্য হবে না ;
৮. জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি ;
৭. প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম এবং জন্ম তারিখ, এসএসসি সনদ এবং জাতীয় পরিচয় পত্রে একই হতে হবে। এক্ষেত্রে জন্ম তারিখের তারতম্য দেখা দিলে আবেদন গ্রহণযোগ্য হবে না ;
৯. বিদেশ থেকে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হতে ইস্যুকৃত সমমানের সনদের সত্যায়িত কপি ;
১০. (ক) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান, নাতি-নাতনি হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদপত্রের সত্যায়িত কপি ; অথবা
- (খ) ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত কপি;
- (গ) মুক্তিযোদ্ধার নাম সম্বলিত গেজেট/ মুক্তিবার্তার সত্যায়িত কপি;
- (ঘ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি করপোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত বংশানুক্রমিক সার্টিফিকেটের সত্যায়িত কপি;
- (ঙ) জন্ম তারিখ প্রমাণের নিমিত্তে মুক্তিযোদ্ধার জন্ম সনদ (প্রযোজ্য ক্ষেত্রে অনলাইনে যাচাইযোগ্য) অথবা এস এস সি পরীক্ষা পাসের সনদ ও এনআইডির সত্যায়িত ফটোকপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।
১১. মুক্তিযোদ্ধা সনদ হিসাবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রত্যয়ন পত্র প্রাথমিকভাবে গ্রহণ করা হবে। তবে, এপটিচ্যুড/মৌখিক পরীক্ষার সময় অবশ্যই মূল সনদ উপস্থাপন করতে হবে এবং উক্ত সনদের একটি সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় এপটিচ্যুড/মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। উল্লেখ্য, যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সঠিক সনদপত্র উপস্থাপনে ব্যর্থ হলে মুক্তিযোদ্ধা প্রার্থী হিসেবে প্রার্থীতা বাতিল করা হবে ;
১২. উপ-জাতীয়দের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট থেকে প্রাপ্ত সার্টিফিকেট এবং প্রতিবন্ধী, আনসার-ভিডিপি এবং এতিমখানা নিবাসী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি ;
১৩. চাকুরীরত প্রার্থীগণ তাদের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে সেক্ষেত্রে স্ব স্ব নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনাপত্তিপত্রের সত্যায়িত কপিসহ ৭নং ক্রমিকে উল্লেখিত সকল দলিলাদি নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে অত্র বিভাগে প্রেরণ করতে হবে ;
১৪. যে সকল প্রার্থী কোনো অ-বাংলাদেশী নাগরিককে বিবাহ করেছেন অথবা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছেন তাদের ক্ষেত্রে সরকারের অনুমতি পত্রের সত্যায়িত কপি।
- ০৮। (ক) অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- (খ) যে কোন ধরনের সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য হবে।
- (গ) ব্যাংক কর্তৃপক্ষ প্রার্থীদের নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।


- ০৭/০৮/২০১৭
(মোঃ হুমায়ূন খালিদ)
উপ-মহাব্যবস্থাপক